

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৮, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৭ নভেম্বর, ২০১৩/১৩ অগ্রহায়ণ, ১৪২০

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৭ নভেম্বর, ২০১৩ (১৩ অগ্রহায়ণ, ১৪২০) তারিখে
রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা
যাইতেছে :—

২০১৩ সনের ৬৩ নং আইন

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৪৪ নং আইন)
সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১
(২০০১ সনের ৪৪ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
(সংশোধন) আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০১ সনের ৪৪ নং আইনের প্রস্তাবনা এর সংশোধন।—যশোর বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৪৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর
প্রস্তাবনায় উল্লিখিত “বৃহত্তর যশোর জেলার রামনগর স্থানে” শব্দগুলির পরিবর্তে “যশোর জেলায়”
শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(১০১৮৫)

মূল্য : টাকা ৮.০০

৩। ২০০১ সনের ৪৪ নং আইন এর ধারা ২ এর সংশোধন —উক্ত আইনের ধারা ২ এর দফা (ন) বিলুপ্ত হইবে।

৪। ২০০১ সনের ৪৪ নং আইন এর ধারা ৩ এর সংশোধন —উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) এই আইনের বিধান অনুযায়ী যশোর জেলায় যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (Jessore University of Science and Technology)” নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হইবে।”।

মোঃ আশরাফুল মকবুল
সিনিয়র সাচব।